

University of California, San Francisco

## পরীক্ষামূলক অংশগ্রহণকারীর অধিকারের বিল

নিচের অধিকারগুলি হল একটি গবেষণা অধ্যয়নে থাকতে বলা হয়েছে এমন প্রতিটি ব্যক্তির অধিকার। একজন পরীক্ষামূলক অংশগ্রহণকারী হিসাবে আমার নিম্নলিখিত অধিকারগুলি আছে:

- 1) অধ্যয়নটি কী জানার চেষ্টা করছে তা জানতে পারা,
- 2) আমার কী হবে এবং পদ্ধতি, ওষুধ বা ডিভাইসগুলির মধ্যে কোনোটি স্ট্যান্ডার্ড অনুশীলনে যেগুলি ব্যবহৃত হবে তার থেকে আলাদা কিনা তা জানতে পারা,
- 3) গবেষণার উদ্দেশ্যে আমার সাথে ঘটবে এমন ঘন ঘন ও/বা গুরুত্বপূর্ণ ঝুঁকি, পার্শ্ব প্রতিক্রিয়া, বা অস্বস্তিগুলি সম্পর্কে জানতে পারা,
- 4) আমি অংশগ্রহণ থেকে কোনো উপকার আশা করতে পারি কিনা, এবং যদি তা হয়, তাহলে কী সুবিধা হতে পারে তা জানতে পারা,
- 5) আমার থাকা অন্যান্য বিকল্পগুলি এবং সেগুলি অধ্যয়নে থাকার চেয়ে কীভাবে ভাল বা খারাপ হতে পারে সে সম্পর্কে জানতে পারা,
- 6) যুক্ত হওয়ার সম্মতি দেওয়ার আগে এবং অধ্যয়নটি চলাকালীন উভয় সময়েই অধ্যয়নটি সংক্রান্ত কোনো প্রশ্ন জিজ্ঞাসা করার অনুমতি থাকা,
- 7) কোনো জটিলতা দেখা দিলে কী ধরণের মেডিকেল চিকিৎসা পাওয়া যায় তা জানতে পারা,
- 8) অংশগ্রহণ করতে একেবারেই অস্বীকার করা বা অধ্যয়নটি শুরু হওয়ার পরে অংশগ্রহণ সম্পর্কে আমার মন পরিবর্তন করা। আমি যদি অধ্যয়নটিতে না থাকি, তাহলে আমি অন্যথায় যে যত্ন পারি তা পাওয়ার আমার অধিকারকে এই সিদ্ধান্তটি প্রভাবিত করবে না,
- 9) স্বাক্ষর করা এবং তারিখ দেওয়া সম্মতি ফর্মের একটি কপি পাওয়া,
- 10) আমি অধ্যয়নটিতে থাকতে সম্মত হতে চাই কিনা তা বিবেচনা করার সময় চাপমুক্ত থাকা।

আমার অধ্যয়ন ডাক্তার আমাকে বলবেন যে গবেষণা অধ্যয়নটি খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) দ্বারা নিয়ন্ত্রিত কিনা। আমি বুঝি যে যদি এই অধ্যয়নটি ফেডারেল খাদ্য, ওষুধ ও প্রসাধনী আইনের (Food, Drug, and Cosmetic Act, FD&C Act) অধীনে, FDA দ্বারা নিয়ন্ত্রিত হয়, তাহলে FDA আমার অধ্যয়নটিতে অংশগ্রহণ সম্পর্কিত সমস্ত রেকর্ড খুঁটিয়ে দেখতে এবং কপি করতে পারে।

আপনার যদি অন্য প্রশ্ন থাকে তাহলে গবেষক বা গবেষণার সহকারীকে আপনার জিজ্ঞাসা করা উচিত। এছাড়াও, আপনি প্রাতিষ্ঠানিক পর্যালোচনা বোর্ডের (Institutional Review Board, IRB) সাথে যোগাযোগ করতে পারেন, যা গবেষণা প্রকল্পগুলিতে অংশগ্রহণকারীদের সুরক্ষার সাথে সম্পর্কিত। আপনি IRB অফিসের সাথে যোগাযোগ করতে পারেন সোমবার থেকে শুক্রবার, সকাল 8:00 টা থেকে বিকাল 5:00 টা পর্যন্ত (415) 476-1814 নম্বরে ফোন করার মাধ্যমে, অথবা UCSF মানব গবেষণা সুরক্ষা কর্মসূচি (Human Research Protection Program), Box 1288, 490 Illinois Street, Floor 6, San Francisco, CA 94143 ঠিকানায় লেখার মাধ্যমে, অথবা irb@ucsf.edu এ ইমেল করার মাধ্যমে।

অনুবাদ সংক্রান্ত তথ্যের জন্য (415) 476-1814 নম্বরে ফোন করুন অথবা irb@ucsf.edu এ ইমেল করুন।

সম্মতির জন্য অংশগ্রহণকারীর স্বাক্ষর

অংশগ্রহণকারীর নাম

তারিখ

---

---

---